



## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

সালনা, গাজীপুর-১৭০৬

ফোন : পিএবিএক্স : ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৯২০৫৩৩৩, ওয়েব: www.bsmrau.edu.bd

স্মারক নং-বশেমুরক্বি/প্রশা:/ই-০৫/২০১৬/৬০৯

তারিখ-০৬/০৩/২০১৭

### নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নং	পদের নাম, বেতনক্রম ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী অধ্যাপক (৩৫৫০০-৬৭০১০/-) ডেইরি এন্ড পোল্ট্রি সায়েন্স-১ কৃষি অর্থসংস্থান ও সমবায়-১	যোগ্যতা : ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না। অভিজ্ঞতা : পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে অনূন ২(দুই) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং/অথবা শুধুমাত্র গবেষণায় অভিজ্ঞতার ক্ষেত্রে অনূন ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কোন স্বীকৃত জার্নালে ২(দুই)টি গবেষণা প্রকাশনা। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩(তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।

- আবেদনপত্রের ১ কপি নমুনা ফরম ০৭/০৩/২০১৭ হইতে ০৫/০৪/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন ব্যক্তিগতভাবে অথবা ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজস্ব ঠিকানা সম্বলিত একটি বড় খাম (২৫ সে. মি. x ১১ সে. মি.) পাঠাইয়া রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে; অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।
- প্রার্থীকে ০৮(আট) সেট আবেদনপত্র যথাযথভাবে পূরণকরতঃ আগামী ০৬/০৪/২০১৭ তারিখ অফিস চলাকালীন রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর অনুকূলে পৌঁছাইতে হইবে।
- প্রার্থীকে ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
- আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে, কতদিন মেয়াদী তাহা উল্লেখ করিতে হইবে); ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র; ৮) প্রকাশনার রিপ্রিন্টের অনুলিপি ইত্যাদির সত্যায়িত আলোকলিপি ক্রমানুসারে A<sup>4</sup> সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।
- প্রার্থীকে সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে।
- খামের উপর অবশ্যই প্রেরকের ঠিকানা ও পদের নাম উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৮০ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে।
- সরকারী নিয়ম অনুযায়ী জেলা কোটা/মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তানদের/সন্তানদের সন্তানের কোটা/মহিলা কোটা/নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী কোটা/এতিম কোটা/প্রতিবন্ধী কোটা প্রভৃতি অনুসরণ করা হইবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা হইলে অথবা মুক্তিযোদ্ধাদের পোষ্য হইলে যথাযথ সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে।
- মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২(বত্রিশ) বৎসর।
- প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার পরীক্ষায় ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাড়া দেওয়া হইবে না। সাক্ষাৎকারের তারিখ ও সময় সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লেখিত বর্তমান ঠিকানায় ডাকযোগে সাক্ষাৎকার পত্র মারফত অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ ই-মেইল ঠিকানায় সাক্ষাৎকার পত্র মারফত জানানো হইবে।
- নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

- এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।
- “অভিজ্ঞতা” অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।
- শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

(প্রফেসর ড. মো. ময়নুল হক)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)